



নোবিপ্রবি/রেজি/প্রশা/২০২২/ ৬৫২৬

২৪ আগস্ট ২০২২

## নোটিশ

কর্তৃপক্ষের আদেশক্রমে উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২৫ জুলাই ২০২২ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে প্রেরিত চিঠির (সূত্র: ৩৭.০১.০০০০.০৩১.১৮.০০১.২২.৩১০) নির্দেশনা মোতাবেক এবং সংশ্লিষ্ট বিষয়ে ১৪.০৮.২০২২ তারিখে ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগীয় চেয়ারম্যান, প্রভোস্ট, প্রক্টর, দফতর প্রধান সহ সকলের উপস্থিতিতে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ের লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে:


- ১। সপ্তাহে একদিন রবিবার অনলাইন ক্লাস কার্যক্রম চলবে। প্রশাসনিক এবং একাডেমিক অফিস সমূহ যথারীতি চলবে তবে সরকারি আদেশ অনুযায়ী অফিস সময় পরবর্তীতে নির্ধারণ করা হবে।
- ২। একান্ত অপরিহার্য না হলে সকল সভা ভার্চুয়ালি আয়োজন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৩। অডিটোরিয়াম ব্যবহার অতীব প্রয়োজন ছাড়া পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বরাদ্দ বন্ধ থাকবে।
- ৪। লাইব্রেরী ভবন, অডিটোরিয়াম ভবনের লিফট বন্ধ থাকবে এবং একাডেমিক ভবন-২ এর ৪র্থ তলা থেকে লিফট চলবে।
- ৫। সকল গাড়ী সমূহের ব্যক্তিগত ও অফিসিয়াল (বিশেষ প্রয়োজন ব্যতীত) রিকুজিশন বন্ধ থাকবে। এ্যাম্বুলেন্স ব্যবহারের ক্ষেত্রে শিক্ষার্থীদের অবশ্যই মেডিকেল অফিসার/প্রক্টর/হল প্রভোস্টের অনুমোদন সাপেক্ষে শুধুমাত্র হাসপাতালে পৌঁছে দিয়ে সাথে সাথে এ্যাম্বুলেন্সটি ক্যাম্পাসে ফেরত আসতে হবে।
- ৬। পরীক্ষা সংক্রান্ত বিষয়সমূহ নোটিশের আওতামুক্ত থাকবে।

১ ইউনিট বিদ্যুৎ উৎপাদন করার চেয়ে ১ ইউনিট বিদ্যুৎ সাশ্রয় করা সহজ

“বিদ্যুতের পরিকল্পিত ব্যবহার করি, দেশের উন্নয়নের চাকা সচল রাখি”

এ শ্লোগান কে সামনে রেখে নূন্যতম প্রয়োজনীয় লাইট ফ্যান ব্যবহার এবং ব্যবহার শেষ হওয়ার সাথে সাথেই সুইচ বন্ধ রেখে ৪০% বিদ্যুৎ সাশ্রয়ের জন্য বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীকে অনুরোধ করা হলো।

বি: দ্র: জ্বালানী এবং বিদ্যুৎ সাশ্রয়ের বিষয়ে সংশ্লিষ্ট অফিস বিস্তারিত জানিয়ে নোটিশ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।


  
ড. মুহাম্মদ আলিমগীর সরকার  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোবিপ্রবি/রেজি/প্রশা/২০২২/ ৬৫২৬ (৫০)

২৪ আগস্ট ২০২২

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। ডিন, সকল অনুষদ।
- ২। ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ।
- ৩। বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ।
- ৪। হল প্রভোস্টবৃন্দ (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫। প্রক্টর।
- ৬। পরিচালক (ভারপ্রাপ্ত), সাইবার সেন্টার (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৭। পরিচালক (ভারপ্রাপ্ত), জনসংযোগ ও প্রকাশনা।
- ৮। পরিচালক (অ: দা:) পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দপ্তর (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৯। দফতর প্রধানবৃন্দ এবং পরিবহন উপদেষ্টা।
- ১০। শাখা প্রধানবৃন্দ, রেজিস্ট্রার দফতর।
- ১১। একান্ত সচিব, উপাচার্য মহোদয়ের দফতর।
- ১২। ব্যক্তিগত কর্মকর্তা, কোষাধ্যক্ষ মহোদয়ের দফতর।
- ১৩। ব্যক্তিগত কর্মকর্তা, রেজিস্ট্রার মহোদয়ের দফতর।
- ১৪। নথি।
- ১৫। মহানথি।

  
ড. মুহাম্মদ আলিমগীর সরকার  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়